

# বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

১৪১-১৪৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

তারিখঃ ০৪/০৬/২০২৬খ্রিঃ

দপ্তর আদেশ নং-১৮৭/২০২৬

যেহেতু, জনাব মোঃ মহিউদ্দিন তালুকদার, লস্কর, ড্রেজার-কীর্তনখোলা, ঢাকা যান্ত্রিক সার্কেল, ড্রেজার বেইজ, ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, নারায়ণগঞ্জ গত ১৬/০৮/২০২৪খ্রিঃ তারিখ হতে কর্মস্থলে বিনানুমতিতে অনুপস্থিত ছিলেন; যেহেতু, গত ২১/০৪/২০২৫খ্রিঃ তারিখ সংশ্লিষ্ট দপ্তর হতে তাকে কারণ দর্শানোর নোটিশ দেয়া হয়, কিন্তু তিনি দীর্ঘ দিন যাবৎ দপ্তরে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থেকে গত ২৫/০৫/২০২৫খ্রিঃ তারিখ সংশ্লিষ্ট দপ্তরে কাজে যোগদান করেন; যেহেতু, গত ১৬/০৮/২০২৪খ্রিঃ হতে ২৪/০৫/২০২৫খ্রিঃ তারিখ পর্যন্ত মোট=২৫২ দিন বিনানুমতিতে দপ্তরে অনুপস্থিত ছিলেন; এতে কর্তৃপক্ষের কাজের বিঘ্ন সৃষ্টি হয়, যা কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী শৃঙ্খলা বিধির পরিপন্থি; যা বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৫(ক) এবং ৩৫(খ) প্রবিধান অনুসারে যথাক্রমে "দায়িত্ব পালনে অবহেলা" এবং "অসদাচরণ" এর অন্তর্ভুক্ত হওয়ায় কর্তৃপক্ষের স্মারক নং-১৮.৭০৭.০৪৭.০০.০০.৩২৯.২০২৫/৩২৩, তারিখঃ ১৮/১২/২০২৫খ্রিঃ দ্বারা অভিযোগনামা জারীর মাধ্যমে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রঞ্জু করা হয়; যেহেতু, তিনি অভিযোগনামার জবাব প্রদান না করায় বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৯(৩) অনুযায়ী বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৯(২) (গ) এবং প্রবিধান ৪০(৪) মোতাবেক গুরু দণ্ড আরোপের উদ্দেশ্যে কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-২০০/২০২৬; তারিখঃ ০২/০২/২০২৬খ্রিঃ দ্বারা জনাব মোঃ মাহবুবুল হক ভূঞা, উপ-পরিচালক, হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা নিযুক্ত করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা গত ০৭/০৪/২০২৬ খ্রিঃ তারিখে চেয়ারম্যান মহোদয় বরাবর প্রতিবেদন দাখিল করেন; যেহেতু, দাখিলকৃত প্রতিবেদনে জনাব মোঃ মহিউদ্দিন তালুকদার, লস্কর এর বিরুদ্ধে আনীত কর্মস্থলে গত ১৬/০৮/২০২৪খ্রিঃ হতে ২৪/০৫/২০২৫খ্রিঃ তারিখ পর্যন্ত মোট=২৫২ দিন বিনানুমতিতে অনুপস্থিত থাকার বিষয়টি প্রমানিত হয়েছে; যেহেতু, তদন্ত প্রতিবেদন সহ নথি চেয়ারম্যান মহোদয় বরাবর উপস্থাপন করা হলে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অভিযোগনামার জবাব, তদন্ত প্রতিবেদন এবং অন্যান্য রেকর্ডপত্র পরীক্ষান্তে জনাব মোঃ মহিউদ্দিন তালুকদার, লস্কর, ড্রেজার-কীর্তনখোলা, ঢাকা যান্ত্রিক সার্কেল, ড্রেজার বেইজ, ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, নারায়ণগঞ্জ এর প্রতি গত ১৬/০৮/২০২৪খ্রিঃ হতে ২৪/০৫/২০২৫খ্রিঃ তারিখ পর্যন্ত মোট=২৫২ দিন কর্মস্থলে অনুপস্থিত কালকে বিনাবেতনে ছুটি হিসেবে মঞ্জুর এবং বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৬(১) (অ) (খ) প্রবিধান মোতাবেক "১(এক) বছর বেতন বর্ধন স্থগিত" লঘু দণ্ড আরোপ করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মোঃ মহিউদ্দিন তালুকদার, লস্কর, ড্রেজার-কীর্তনখোলা, ঢাকা যান্ত্রিক সার্কেল, ড্রেজার বেইজ, ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, নারায়ণগঞ্জ এর প্রতি গত ১৬/০৮/২০২৪খ্রিঃ হতে ২৪/০৫/২০২৫খ্রিঃ তারিখ পর্যন্ত মোট=২৫২ দিন কর্মস্থলে অনুপস্থিত কালকে বিনাবেতনে ছুটি হিসেবে মঞ্জুর এবং বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৬(১) (অ) (খ) প্রবিধান মোতাবেক "১(এক) বছর বেতন বর্ধন স্থগিত" লঘু দণ্ড আরোপ করে বিভাগীয় মামলার সকল কার্যক্রম পরিসমাপ্তি করা হলো;

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

স্বাক্ষরিত

(মোঃ সাইফুল ইসলাম)

পরিচালক(প্রশাসন ও মানব সম্পদ)

বিআইডব্লিউটিএ।

তারিখঃ ০৪/০৬/২০২৬খ্রিঃ

নথি নং-১৮.৭০৭.০৪৭.০০.০০.৩২৯.২০২৫/ ৫১৫

অনুলিপি : ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

- ০১। পরিচালক, হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০২। পরিচালক, নিরীক্ষা বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৩। প্রধান প্রকৌশলী, ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৪। পরিচালক, অর্থ বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৫। পরিচালক, আইসিটি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী(যান্ত্রিক), ঢাকা যান্ত্রিক সার্কেল, ড্রেজার বেইজ, ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, নারায়ণগঞ্জ।
- ০৭। উপ-পরিচালক, হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ, নারায়ণগঞ্জ।
- ০৮। সমন্বয় কর্মকর্তা, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৯। ব্যক্তিগত সহকারী, সদস্য (প্রকৌশল) মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ১০। জনাব মোঃ মহিউদ্দিন তালুকদার, লস্কর, ড্রেজার-কীর্তনখোলা, ঢাকা যান্ত্রিক সার্কেল, ড্রেজার বেইজ, ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, নারায়ণগঞ্জ।
- ১১। ব্যক্তিগত নথি।

পরিচালক(প্রশাসন ও মানব সম্পদ)

বিআইডব্লিউটিএ।